



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০৩৪.১৯.১৮৮

তারিখ: ১ আষাঢ় ১৪২৭

১৫ জুন ২০২০

বিষয়: ড. মনসুর উদ্দিন মহিলা কলেজ, কচুয়া, চাঁদপুর এর অধ্যক্ষ জনাব মো: শহীদুল ইসলাম এর এমপিও ভুক্তি বিষয়ে প্রয়োজনীয় আইনগত মতামত প্রদান প্রসঙ্গে

সূত্র: স্মারক নং আ.শি.অ/কু.অ/বিবিধ/১৯/২০১৭/৭১২ তারিখ : ১০/০৬/২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চাঁদপুর জেলার কচুয়া উপজেলাধীন ড. মনসুর উদ্দিন মহিলা কলেজ এর অধ্যক্ষ জনাব মো: শহীদুল ইসলাম এর এমপিওভুক্তির বিষয়ে আইনগত মতামত চেয়ে সূত্রোক্ত স্মারক মোতাবেক আবেদন করেন।

মাউশির আইন উপদেষ্টার মতামত : বিজ্ঞ সহকারী জজ আদালত, গাজীপুর এর দেওয়ানী মোকদ্দমা নং ২৫৩/২০১৯ বিচারাধীন থাকায় অধ্যক্ষ জনাব মো: শহীদুল ইসলাম-এর এমপিওভুক্তির বিষয়টি নিষ্পত্তি করা হয়নি। দেওয়ানী মোকদ্দমাটি মোসা: রেহেনা আক্তার গং কে যেন বঙ্গবন্ধু কলেজ, গাজীপুর থেকে বরখাস্ত করা না হয় সেই কারণে দায়ের করা হয়। অধ্যক্ষ জনাব মো: শহীদুল ইসলাম বঙ্গবন্ধু কলেজ, গাজীপুর থেকে বিগত ১৫.০৯.২০১৯ তারিখে পদত্যাগ করেন। পরবর্তীতে পদত্যাগ পত্রটি কলেজ কর্তৃক গৃহীত হওয়ার পর ০১/১০/২০১৯ তারিখে কলেজ থেকে তাঁকে অব্যাহতি পত্র প্রদান করা হয়। যেহেতু পদত্যাগ পত্র গৃহীত হয়েছে, সেহেতু তিনি ঐ কলেজে অধ্যক্ষের পদের দায়িত্বে নেই এবং কলেজের সাথে তাঁর কোন সম্পর্ক নেই। বিজ্ঞ সহকারী জজ আদালত গাজীপুর এর দেওয়ানী মোকদ্দমা নং ২৫৩/২০১৯ বিচারাধীন থাকায় অধ্যক্ষ মো: শহীদুল ইসলাম এর বর্তমান কলেজে এমপিওভুক্তির প্রক্রিয়ায় কোন আইনগত বাঁধা নেই।

এমতাবস্থায়, যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আইনগত মতামতটি অবহিত করা হলো।

১৫-৬-২০২০

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক

পরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা কুমিল্লা অঞ্চল, কুমিল্লা